বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(প্রশাসন শাখা)
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং- ৭১৬ -এ তারিখ: ১৫ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ / ৩০ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগের দৈনিক কার্যতালিকা (কজলিস্ট) প্রতি মাসের প্রথম কার্যদিবসে পূর্ণাঙ্গ লিস্ট এবং মাসের অন্যান্য কার্যদিবসে আংশিক লিস্ট প্রকাশ সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগে একক বেঞ্চ এবং ডিভিশন বেঞ্চে প্রতি কর্মদিবসে মোট ২৪৪০টি দৈনিক কার্যতালিকা (কজলিস্ট) মুদ্রণ ও বাঁধাইপূর্বক মাননীয় বিচারপতি মহোদয়গণের কোর্ট, চেম্বার, অ্যাটর্নি-জেনারেল অফিস, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির আইনজীবীবৃন্দ, সলিসিটর অফিস ও বিভিন্ন শাখায় বিতরণ করা হয়। মুদ্রণকৃত দৈনিক কার্যতালিকার পৃষ্ঠাসংখ্যা ৩০০-৩৫০ থেকে ৫০০-৫৫০ পৃষ্ঠায় বৃদ্ধির কারনে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেসে কাজের ভলিউম বৃদ্ধি পেয়েছে এবং গভর্নমেন্ট প্রিন্টিং প্রেসের জনবল সংকটের কারণে সময়মত দৈনিক কার্যতালিকা (কজলিস্ট) প্রস্তুত করতে বিভিন্ন ধরনের সমস্যার সম্মুখীন হতে হয় মর্মে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস হতে জানানো হয়েছে।

২। বর্ণিত অবস্থায়, দৈনিক কার্যতালিকা (কজলিস্ট) প্রতি মাসের প্রথম কার্যদিবসে পূর্ণাঙ্গ লিস্ট এবং মাসের অন্যান্য কার্যদিবসে আংশিক লিস্ট করা হলে তা সহজে বহণযোগ্য ও ব্যবহারযোগ্য হওয়ার পাশাপাশি কাগজের ব্যবহার ও সরকারের ব্যয় হ্রাস পাবে।

৩। এমতাবস্থায়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের দৈনিক কার্যতালিকা (কজলিস্ট) প্রতি মাসের প্রথম কার্যদিবসে পূর্ণাঙ্গ লিস্ট এবং মাসের অন্যান্য কার্যদিবসে আংশিক লিস্ট (সর্বোচ্চ ০২ পাতা) প্রকাশ করা হবে।

৪। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সানুগ্রহ অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের সদয় অবগতি ও কার্যার্থে এই বিজ্ঞপ্তি প্রচার করা হলো।

**স্বাক্ষরিত**
(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)
রেজিস্ট্রার জেনারেল
ফোন: ০২-২২৩৩৮২৭৮৫।
ই-মেইলঃ rg@supremecourt.gov.bd

স্মারক নং- ১২২৯৬ (১-১৬)/(১০) -এ তারিখ: ১৫ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ / ৩০ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

<u>সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. বিজ্ঞ অ্যাটর্নি-জেনারেল, বাংলাদেশ, ঢাকা।
২. রেজিস্ট্রার/রেজিস্ট্রার (বিচার)/স্পেশাল অফিসার, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৩. সলিসিটর, সলিসিটর এর কার্যালয়, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
৪. সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন, ঢাকা (সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের বিজ্ঞ আইনজীবীদের অবগত করানোর অনুরোধসহ)।
৫. অতিরিক্ত রেজিস্ট্রার ............................................ (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৬. মহাপরিচালক, মুদ্রন ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
৭. মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের একান্ত সচিব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
৮. ডেপুটি রেজিস্ট্রার .................................... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৯. রেজিস্ট্রার জেনারেল এর একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১০. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. সহকারী রেজিস্ট্রার .................................... (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১২. মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের সচিব, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৩. বেঞ্চ অফিসার ..........................................(সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৪. ব্যক্তিগত কর্মকর্তা-টু মাননীয় বিচারপতি .................................... মহোদয়, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (মাননীয় বিচারপতি মহোদয়গণকে অবগত করানোর অনুরোধসহ)।
১৫. সুপারিনটেনডেন্ট ..........................................(সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৬. অফিস কপি।

(মোঃ মেসবাহ্ উদ্দিন খান)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার) (ভারপ্রাপ্ত)